

19

Total No. of Printed Pages—5

2 SEM FYUGP MINBNL 2

2024

(May/June)

BENGALI

(Minor)

Paper : MINBNL 2

(আধুনিক বাংলা সাহিত্য)

Full Marks : 80

Pass Marks : 24

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

১। এককথায় উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) ‘উত্তরচরিত’ গ্রন্থটির লেখক কে ?

(খ) বাংলা ভাষায় রচিত একটি উৎকৃষ্ট গীতিকাব্যের নাম লেখো।

(গ) “হিন্দুদিগের একটি প্রধান ধর্ম অতিথিসংকার।” উক্তিটি কোথা থেকে নেওয়া হয়েছে ?

24P/1159

(Turn Over)

2 SEM 2024
BENGALI

(2)

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

8

- (ক) “প্রাচীন ভারত স্বতন্ত্র ও স্বাধীন; আধুনিক ভারতবর্ষ পরতন্ত্র ও পরাধীন।” সংক্ষেপে আলোচনা করো।
- (খ) “সকল সমাজেই স্ত্রীজাতি পুরুষাপেক্ষা অনুন্নত;” প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের অনুসরণে উদ্ধৃতাংশটির ভাবনা ব্যক্ত করো।

৩। টীকা লেখো (যে কোনো একটি) :

8

- (ক) গীতিকাব্য
- (খ) ভবভূতি

৪। উত্তর দাও (যে কোনো একটি) :

১০

- (ক) তোমার পাঠ্য প্রবন্ধগুলির অনুসরণে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের পরিচয় দাও।
- (খ) ‘প্রাচীনা এবং নবীনা’ প্রবন্ধটির মূল বক্তব্যটি লেখকের অনুসরণে ব্যক্ত করো।

দ্বিতীয় একক

৫। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) :

১×২=২

- (ক) ‘জনা’ নাটকটির প্রকাশকাল উল্লেখ করো।
- (খ) ‘জনা’ নাটকটির মূল কাহিনী কোথা থেকে গৃহীত হয়েছে?
- (গ) বৃষকেতু কে?

(3)

৬। সংক্ষেপে উত্তর দাও :

8

- (ক) “রণ সাধ যদি তোর, রণ পণ মম”—উক্তিটি কে, কাকে, কোন প্রসঙ্গে করেছেন, লেখো।

অথবা

- (খ) ‘জনা’ নাটকটির মূল রস সম্পর্কে দু-চার কথা বলো।

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

8

- (ক) টীকা লেখো : ‘মদনমঞ্জরী’ অথবা ‘বিদূষক’।
- (খ) নাট্যকার গিরীশচন্দ্রের একটি সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।

৮। উত্তর দাও (যে কোনো একটি) :

১০

- (ক) “‘জনা’ চরিত্রটি প্রতিকূল অবস্থার সহিত অবিচ্ছিন্ন সংগ্রাম, সুতীর অন্তর্দর্শন, সুগভীর বেদনা ও অতৃপ্ত প্রতিহিংসার মধ্য দিয়ে একটি শ্রেষ্ঠ ট্রাজিক চরিত্রে পরিণত হইয়াছে।” বিশ্লেষণ করো।
- (খ) ‘জনা’ নাটকটির অনুসরণে প্রবীরের চরিত্রটি ব্যাখ্যা করো।

তৃতীয় একক

৯। এককথায় উত্তর দাও (যে কোনো দুটি) :

১×২=২

- (ক) ‘সঞ্চিত’ কাব্যগ্রন্থটি কবি নজরুল ইসলাম কাকে উৎসর্গ করেছিলেন?

- (খ) 'ছাত্রদলের গান' কবিতাটি কোন্ মূল কাব্যগ্রন্থ থেকে গৃহীত হয়েছে?
- (গ) "এই হৃদয়ের ধ্যান-গুহা-মাবে বসিয়া শাক্যমুনি" এখানে 'শাক্যমুনি' কে?

১০। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) :

8

(ক) "কেন খুঁজে ফের দেবতা ঠাকুর মৃত পুঁথি-কঙ্কালে? হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে।" পংক্তি দুটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? ওই দুটি পংক্তির অর্থ পরিস্ফুট করো।

(খ) "গাহি তাহাদের গান—
ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান।"
কোন্ কবিতার অংশ? কবি এখানে কাদের কথা বলেছেন? 'ফসলের ফরমান' কথার অর্থ কী, বুঝিয়ে দাও।

১১। যে কোনো একটি কবিতার ভাববস্তু সংক্ষেপে লেখো :
'সাম্যবাদী' অথবা 'ছাত্রদলের গান'

8

১২। উত্তর দাও (যে কোনো একটি) :

১০

(ক) নজরুল-কাব্যে বুদ্ধির চেয়ে আবেগ প্রাবল্য বেশি, তাঁর সাহিত্যে অসংখ্যমের অমিত প্রাধান্য আছে তবু তাঁর রচনার মধ্যে এক অনুভূতিপ্রবণ স্বদেশপ্রেম প্রকাশ পেয়েছে। আলোচনা করো।

(খ) 'নারী' কবিতাটির মূলভাব বিশ্লেষণ করো।

চতুর্থ একক

১৩। এককথায় উত্তর দাও (যে কোনো দুটি) :

১×২=২

- (ক) 'পল্লীসমাজ' উপন্যাসটি কখন প্রকাশিত হয়?
- (খ) রমা আকবরকে কোথায় পাহারা দেবার জন্য পাঠিয়েছিল?
- (গ) "নইলে আর ব্যাটাদের ছোটোলোক বলেচে কেন?" বক্তা কে?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

8

- (ক) "মানুষ খাঁটি কি না, চেনা যায় শুধু টাকার সম্পর্কে।" কে, কার সম্পর্কে একথা বলেছিল? তার এরূপ বক্তব্যের কারণ কী? ১+১+২=৪
- (খ) "মোরা নালিশ করতি পারব না।" কে, কাকে একথা বলেছে? সে কেন নালিশ করতে পারবে না? ১+১+২=৪

১৫। যে কোনো একটি চরিত্র নিয়ে সংক্ষেপে আলোচনা করো :

8

রমা অথবা বেণী ঘোষাল

১৬। উত্তর দাও (যে কোনো একটি) :

১০

- (ক) " 'পল্লীসমাজ'-এ ঔপন্যাসিক যে সামাজিক আদর্শের বিকৃতি দেখিয়েছেন তার সুস্থ সতেজ ভাবের প্রতীক বিশ্বেশ্বরী।" উক্তিটি উপন্যাসের অনুসরণে বিশ্লেষণ করো।
- (খ) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণ কতটুকু সার্থক হয়েছে, বিচার করো।
